ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৫৮
খোয়াই, ২৩ অক্টোবর, ২০২৫

# খোয়াইয়ে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ক সভা অনুষ্ঠিত

খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে গতকাল প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে আপদা মিত্র ও সিভিল ডিফেন্স সদস্য সদস্যাদের আরও সচেতন ও প্রশিক্ষিত করে তুলতে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন মহকুমা প্রশাসনের ডিসিএম সঞ্জয় চৌধুরী, ডিজাস্টার ডিস্ট্রিক্ট ম্যানেজমেন্টের ডিষ্ট্রিক্ট প্রোগ্রাম অফিসার সংহিতা সরকার, মহকুমা ফায়ার অফিসার অমল দেববর্মা প্রমুখ। বৈঠকে মহকুমা শাসক কার্যালয়ের ডিসিএম সঞ্জয় চৌধুরী বলেন, প্রাকৃতিক বিপর্যয়ে মানুষের ব্যাপক ক্ষতি সাধন হয় এবং জীবন ও সম্পত্তি নষ্ট হয়। তাই বিপর্যয় মোকাবিলায় মানুষকে সচেতন করে তোলার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১০ নভেম্বর থেকে মহকুমার ৫১ জন সিভিল ডিফেন্সের সদস্য ও সদস্যাদের নিয়ে মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে ৬ দিনব্যাপী প্রাকৃতিক বিপর্যয়ের উপর প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হবে। এখন থেকে প্রতি মাসের দ্বিতীয় শনিবারের আগের দিন ও চতুর্থ শনিবারের আগের দিন মহকুমা শাসক কার্যালয়ের ডিজাষ্টার ম্যানেজমেন্ট সেকশনের বিপর্যয় - মোকাবিলা সংক্রান্ত সমস্ত যন্ত্রপাতি পরীক্ষা নিরীক্ষা করা হবে। বৈঠকে সিভিল ডিফেন্স ও আপদা মিত্রের সদস্য ও সদস্যা সহ ২৯ জন অংশগ্রহণ করেন। খোয়াই মহকুমা শাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****